গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ময়মনসিংহ।
www.food.mymensingh.gov.bd

স্মারক নং-১৩.০১.৬১০০.০০১.৩৯.০২১.০৬.২৯২২ তারিখ: ১১/১০/২০২১খ্রি:

## পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

ময়মনসিংহ জেলাধীন ময়মনসিংহ সিএসডি'র চত্বরে ১৬৬ টি বিভিন্ন প্রজাতির বনজ ও ফলজ গাছ (তালিকা সংযুক্ত) যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাগণের নিকট হতে সীলমোহরযুক্ত খামে পুনঃ দরপত্র/দরপ্রস্তাব আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১) | মন্ত্রণালয়/বিভাগ | : | খাদ্য মন্ত্রণালয় |
| ২) | এজেন্সী | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ |
| ৩) | যে কাজের জন্য দরপত্র | : | ময়মনসিংহ সিএসডিতে বিভিন্ন প্রজাতির ১৬৬ টি গাছ বিক্রয় দরপত্র সিডিউল মোতাবেক |
| ৪) | দরপত্রের বিজ্ঞপ্তি নং ও তারিখ | : | স্মারক নং- ১৩.০১.৬১০০.০০১.৩৯.০২১.০৬.২৯২২(১০০),<br>তারিখ: ১১/১০/২০২১খ্রি: |
| ৫) | দরপত্র বিক্রয় পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র (OTM) |
| ৬) | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | : | ১৯/১০/২০২১খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় |
| ৭) | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | : | ২১/১০/২০২১খ্রি: তারিখ সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত |
| ৮) | দরপত্র গ্রহণের স্থান | : | ক) জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ রক্ষিত দরপত্র বাক্সে<br>খ) জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ রক্ষিত দরপত্র বাক্স |
| ৯) | দরপত্র দলিল/সিডিউল প্রাপ্তির স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ এর হিসাব শাখায় |
| ১০) | দরপত্র খোলার তারিখ ও স্থান | : | ২১/১০/২০২১খ্রি: তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় |
| ১১) | দরপত্র উন্মুক্ত করণের স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ |
| ১২) | দরপত্রদাতা/প্রতিষ্ঠানের যোগ্যতা | : | প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠান এর হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধ সংক্রান্ত সনদ এবং দরপত্র সিডিউলের শর্তাবলী অনুযায়ী অন্যান্য যোগ্যতা |
| ১৩) | দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | : | ৩,০০০/- (তিন হাজার) টাকা |
| ১৪) | দরপত্র জামানত (টেন্ডার সিকিউরিটি) | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর অনুকূলে বাংলাদেশের যেকোনো তফসিলভূক্ত ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উদ্বৃত দরের ১০% দরপত্র জামানত (ফেরতযোগ্য) জমা দিতে হবে |
| ১৫) | দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবী | : | মো: জহিরুল ইসলাম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ |
| ১৬) | দরপত্র আহবানকারী কর্মকর্তার ঠিকানা ও ফোন নম্বর | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ, ফোন নম্বর: ০৯১-৬৪৩৫৯ |
| ১৭) | দরপত্র সম্পর্কিত সকল তথ্য জানার জন্য (অফিস চলাকালীণ সময়) | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ, ফোন নম্বর: ০৯১-৬৪৩৫৯ |
| | কোনো কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ এ নোটিশ পরিবর্তন/পরিমার্জন/যেকোনো বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখ্যান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন | | |

১১/১০/২০২১

(মো: জহিরুল ইসলাম)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সভাপতি
অকেজো/ঝড়ে পড়ে যাওয়া গাছ নিষ্পত্তি সংক্রান্ত
জেলা কমিটি, ময়মনসিংহ।
ফোন: ০৯১-৬৪৩৫৯
dcf.myn@dgfood.gov.bd

চলমান পাতা-২

## দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী:-

আবেদনকারীকে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সাথে আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনাপূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ বরাবরে নিম্নেবর্ণিত কাগজপত্রাদিসহ আবেদন করতে হবে।

১। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি, নিজ নামের/প্রতিষ্ঠানের হালসনের ট্রেড লাইসেন্স এবং নাগরিকত্ব/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২। সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত আয়কর সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। পরবর্তীতে মূলকপি প্রদর্শন করতে হবে।

৩। চাহিত সকল সনদপত্র ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সীলসহ) সত্যায়িত হতে হবে।

৪। প্রতি সেট দরপত্রের সিডিউলের মূল্য ৩,০০০/- (তিন হাজার) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লি:, কর্পোরেট শাখা, ময়মনসিংহ কোড নং-**১/৪৮৩১/০০০১/২৩৬৬** তে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরে হিসাব শাখা হতে অবশ্যই পাস করে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূল কপি অত্র দপ্তরে প্রদর্শনপূর্বক দরপত্র সিডিউল ক্রয় করতে হবে এবং দরপত্র সিডিউলের সাথে চালানের মূল কপি জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

৫। শর্তযুক্ত, কাটাছেঁড়া, ঘষামাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ণ দরপত্র গৃহিত হবে না। দাখিলকৃত সকল কাগজপত্রে আবেদনকারীর স্বাক্ষর ও সীল থাকতে হবে।

৬। চূড়ান্তভাবে নির্বাচিত দরদাতাকে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে অনুমোদিত/গৃহিত মূল্য সরকারি খাতে জমা দিতে হবে। ব্যর্থতায় জামানত বাজেয়াপ্ত করা হবে।

৭। উদ্ধৃত দরের অর্থ সরকারি খাতে জমা নিশ্চিত পূর্বক কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে সিডিউলে বর্ণিত গাছ সমূহ নিজ খরচ ও ব্যবস্থাপনায় কেটে অপসারণ ও মাটি সমতল করতে হবে। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

৮। দরপত্রে অংশগ্রহণকারীগণ সপ্তাহের যেকোনো দিন ময়মনসিংহ সিএসডি পরিদর্শনপূর্বক সিডিউল বর্ণিত গাছ সমূহ প্রত্যক্ষ করতে পারবেন।

৯। দরপত্রের সাথে বাংলাদেশের যেকোনো তফসিলভূক্ত (সিডিউল) ব্যাংক হতে দরপত্র জামানত (বায়নার টাকা) বাবদ উদ্ধৃত দরের ১০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর অনুকূলে জমা দিতে হবে। দরপত্রের সাথে জামানত জমা না দিলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোনো ব্যাংক গ্যারান্টি গ্রহণযোগ্য হবে না।

১০। সর্বোচ্চ দরদাতাকে গৃহিত দরের উপর সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স প্রদান করতে হবে।

১১। কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের গৃহিত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষের গৃহিত সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো প্রকার অপপ্রচার, মিথ্যা দোষারোপ কিংবা মামলা মোকাদ্দমা করা হলে তা সরকারি কাজে বাধাদানের সামিল বলে গণ্য হবে। এক্ষেত্রে ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণে কর্তৃপক্ষের কোনো বাধা থাকবেনা।

১১/১০/২০২১

(মো: জহিরুল ইসলাম)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সভাপতি
অকেজো/ঝড়ে পড়ে যাওয়া গাছ নিষ্পত্তি সংক্রান্ত
জেলা কমিটি, ময়মনসিংহ।
ফোন: ০৯১-৬৪৩৫৯
dcf.myn@dgfood.gov.bd

চলমান পাতা-৩

স্মারক নং-১৩.০১.৬১০০.০০১.৩৯.০২১.০৬.২৯২২(১০০) তারিখ: ১১/১০/২০২১খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
৩। পরিচালক,..............................................(সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ........................................।
৭। বিভাগীয় বন কর্মকর্তা, ময়মনসিংহ।
৮। পুলিশ সুপার, ময়মনসিংহ।
৯। উপ-পরিচালক, দূর্নীতি দমন কমিশন, ময়মনসিংহ।
১০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। নিলাম বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১। সভাপতি/সহ-সভাপতি, ময়মনসিংহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, ময়মনসিংহ।
১২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, .................................।
১৩। ব্যবস্থাপক, ময়মনসিংহ সিএসডি।
১৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),.......................................ময়মনসিংহ।
১৫। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ এলএসডি-১, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
১৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল),....................................এলএসডি, ময়মনসিংহ।
১৭। নেজারত শাখা, অত্র দপ্তর। নিলাম বিজ্ঞপ্তিটি জেলা তথ্য বাতায়নে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৮। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

২১/১০/২০২১

জেলা খাদ্য নিয়ন্ত্রক
ময়মনসিংহ।

২১/১০/২০২১

e:\shahjahan\verity\nilam2019.docx